জেলা পরিষদ
রংপুর

স্মারক নং-জেপরং/২০২৫/২৫৫(২০০)

তারিখ: ০১/০৭/২০২৫ খ্রি:

# “বিজ্ঞপ্তি”

**বিষয় : জুলাই গণঅভ্যুত্থান স্মরণে আইডিয়া প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্ত আইডিয়া প্রস্তাবের আহবান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে রংপুর জেলার সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ৩০ জুন, ২০২৫ খ্রি: তারিখের ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৪.২০২৫-৬১০নং স্মারকপত্রের আলোকে ২০২৪ সালের জুলাইয়ের চেতনায় উদ্বুদ্ধ হয়ে বৈষম্যহীন নতুন বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে “আমার চোখে জুলাই বিপ্লব” প্রতিপাদ্য নিয়ে একটি আইডিয়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এ প্রতিযোগিতার মাধ্যমে স্থানীয় বাস্তবতায় উপযোগী এবং বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী আইডিয়া আহবান করা হচ্ছে, যার মধ্য দিয়ে তরুণ প্রজন্ম সরাসরি গণঅভ্যুত্থান স্মরণে সম্পৃক্ত হতে পারবে। রংপুর জেলার নির্বাচিত আইডিয়া স্থানীয় পর্যায়ে জেলা পরিষদ, রংপুর দ্বারা বাস্তবায়নের মাধ্যমে এ ঐতিহাসিক ঘটনার তাৎপর্য নতুন প্রজন্মের কাছে তুলে ধরা হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের জন্য প্রযোজ্য নির্দেশনাবলী ও শর্তাবলী নিম্নরূপ :

| আইডিয়া প্রতিযোগিতার যারা অংশগ্রহণ করতে পারবেন | আইডিয়া জমা দেয়ার কাঠামো (মানদন্ড) | সম্ভাব্য আইডিয়ার উদাহরণ |
|---|---|---|
| ১। ১৫ তেকে ৩০ বছরের তরুণ-তরুণী | ১। ১-২ পৃষ্ঠায় একটি ধারণাপত্র (বাংলা ও ইংরেজিতে) অবশ্যই উল্লেখ করতে হবে | ১। দেয়ালচিত্র |
| ২। মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী | ২। আইডিয়ার শিরোনাম | ২। পথনাটক বা মঞ্চনাটক |
| ৩। যুব ক্লাব, ডিবেট, স্কাউট, রোভার ও সাংস্কৃতিক সংগঠনের সদস্যগণ | ৩। আইডিয়ার ভূমিকা | ৩। প্রদর্শনী/প্রামাণ্যচিত্র |
| ৪। শুধুমাত্র দলীয়ভাবে প্রতিযোগিতায় অংশ নেয়া যাবে | ৪। আইডিয়ার বিবরণ (স্থান উল্লেখসহ), উদ্দেশ্য ও প্রত্যাশিত প্রস্তাব | ৪। জনসচেতনতামূলক কার্যক্রম/প্রাথমিক স্বাস্থ্য বা পুষ্টি বিষয়ক প্রচারণা/কার্যক্রম |
| ৫। নারী সদস্যদের অগ্রাধিকার প্রদান করা হবে। | ৫। আইডিয়া বাস্তবায়নে দলের সদস্যদের সুনির্দিষ্ট ভূমিকা উল্লেখ করতে হবে | ৫। উদ্যোক্তা মেলা, স্থানীয় শিল্প প্রদর্শনী |
| | ৬। সৃজনশীলতা ও উদ্ভাবনের ক্ষমতা | ৬। স্কিল কম্পিটিশন/প্রতিভা অন্বেষণ |
| | ৭। প্রস্তাবের স্বতন্ত্রতা | ৭। বর্জ্য-শূন্য অভিযান |
| | ৮। কাঙ্খিত ফলাফল | ৮। গ্রীণ স্কুল (Green School), ক্লিন স্কুল (Clean School) কার্যক্রম |
| | ৯। গণঅভ্যুত্থানের সাথে সামঞ্জস্যতা | ৯। জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত অন্য যেকোনো ধারণা (আইডিয়া)। |
| | ১০। দেশীয় সংস্কৃতির সাথে সামঞ্জস্যতা। | |

উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের নাম, ঠিকানা, শিক্ষা প্রতিষ্ঠান (প্রযোজ্য ক্ষেত্রে), মোবাইল নম্বর ও ই-মেইল (যদি থাকে) উল্লেখপূর্বক প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ রংপুর বরাবর আগামী ০১-০৮ জুলাই, ২০২৫ খ্রি: তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে রংপুর জেলা পরিষদ কার্যালয়ে সরাসরি (হার্ডকপি) অথবা ই-মেইল: ceo.zp.rangpur@lgd.gov.bd (পিডিএফ কপি) এর যে কোনো ১টি মাধ্যমে প্রস্তাব দাখিল করতে হবে।

মামুন-অর-রশীদ
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, রংপুর
ও
সদস্য-সচিব
জেলা পর্যায়ে আইডিয়া বাস্তবায়ন কমিটি
রংপুর।